# সহজ কম্পিউটার অপারেশন

প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের

উদ্ভাবনী  ধারণা (Innovation Idea) প্রকল্প কর্তৃক গৃহীত

প্রণয়নে

হাফিজা আক্তার

সহকারী শিক্ষক

চিনাকান্দি সরকারী প্রাথমিক বিদ্যালয়

বিশ্বম্ভরপুর, সুনামগঞ্জ

মোবা : 01785 004186

ই-মেইল : hafiza01785004186@gmail.com

প্রকল্পের নাম

শিক্ষার্থীদেরকে কম্পিউটারের সহজ অপারেশন শেখানো।

প্রকল্পের মেয়াদ : জুলাই ১৬ থেকে জুন ২১ পর্যন্ত

## <u>ম্যানুয়েলের বিষয়</u>

ক) হার্ডওয়্যার

১) পাওয়ার সাপ্লাই

২) মাদার বোর্ড

৩) প্রসেসর

৪) র‍্যাম ও রম

৫) হার্ড ডিস্ক

৬) ডিভিডি রম

৭) পেনড্রাইভ

৮) কার্ড রিডার

৯) কি বোর্ড

১০) মাউস

১১) মডেম

১২) প্রিন্টার

১৩) স্পিকার

১৪) মনিটর

খ) সফটওয়্যার১) উইন্ডোজ

২) উইন্ডোজ সেট আপ দেয়া

৩) এম এস ওয়ার্ড

৪) পাওয়ার পয়েন্ট

৫) মিডিয়া প্লেয়ার

৬) ইন্টারনেট ব্রাউজার

৭) ই-মেইল

৮) ইন্টারনেট

৯) ওয়েব পেইজ

১০) ওয়েব ব্রাউজার

১১) ব্রাউজিং

১২) সার্চ ইঞ্জিন

১৩) ডাউনলোড

১৪) আপলোড

১৫) কম্পিউটার অন করা

১৬) কম্পিউটার অফ করা

১৭) ফাইল ও ফোল্ডার খোলা

ক) হার্ডওয়্যার

হার্ডওয়্যার হল কম্পিউটারের সেই সব অংশ যা দৃশ্যত এবং ছোঁয়া যায়, যার কাঠামো আছে। যেমন মনিটর, মাউস, কেসিং, মাদার বোর্ড ইত্যাদি।


১। পাওয়ার সাপ্লাই

যে কোন ইলেকট্রিক ডিভাইস চালাতে বিদ্যুতের প্রয়োজন হয়। তেমনি কম্পিউটার ডিভাইসগুলো চালাতে বিদ্যুতের প্রয়োজন হয়। আর এই বিদ্যুৎ সরবরাহ করে থাকে পাওয়ার সাপ্লাই। এটিকে ঠান্ডা রাখার জন্য একটি ছোট ফ্যান থাকে। ভালো মানের পাওয়ার সাপ্লাই না হলে কম্পিউটারের ক্ষতি হয়।




২। মাদার বোর্ড

মাদারবোর্ডকে মেইন বোর্ড বলা হয়। মাদার বোর্ডের মাধ্যমে কম্পিউটারের সকল যন্ত্রাংশকে একে অপরের সাথে সংযুক্ত করা হয়।




৩। প্রসেসর

প্রসেসর কম্পিউটারের অন্যতম প্রধান হার্ডওয়্যার। কম্পিটারের সকল কাজেই প্রসেসর যুক্ত। মূলত একে ঘিরেই Central Processing Unit বা CPU নির্মিত। এ যন্ত্রটি দিয়ে তথ্য ও উপাত্ত প্রক্রিয়াকরনের কাজ সম্পাদন করে। এটিকে মাইক্রোপ্রসেসরও বলা হয়।




৪। র‍্যাম ও রম

RAM- Random Access Memory কম্পিউটার প্রোগ্রাম এতে সংরক্ষিত থাকে। র‍্যাম প্রচন্ড গতি সম্পন্ন একটি মেমোরি। RAM এর মাধ্যমেই কম্পিউটারের ডেস্কটপে প্রোগ্রামগুলো ইনস্টল হয় ও কাজ করে। এর মাধ্যমে সিপিইউ ডাটা পাঠানো হয়। ROM রম Read Only Memory এটি কম্পিউটারের একটি স্থায়ী মেমোরি যার ডাটা কম্পিউটার বন্ধ হলে বা বিদ্যুৎ চলে গেলেও ডিলেট হয়ে যায় না। যেমন DVD ROM.




৫। হার্ডডিস্ক

হার্ডডিস্ক একটি স্থায়ী স্টোরেজ ডিভাইস। সমস্ত ধরনের ইনফরমেশন এখানে সংরক্ষন করে রাখা হয়। পৃথিবীর বিশাল ডাটাগুলোর অধিকাংশেই হার্ডডিস্কে সংরক্ষিত।



৬। ডিভিডি রম

ডিভিডি রম সিডি বা ডিভিডি ক্যাসেট থেকে ডেটা রিড করে থাকে। সিডি বা ডিভিডির তথ্য, ছবি, অডিও-ভিডিও শোনা ও দেখা যায়।




৭। পেনড্রাইভ

সহজে ডাটা বহন করার জন্য পেন ড্রাইভ ব্যবহার করা হয়। এর মাধ্যমে তথ্য বা উপাত্ত একস্থান থেকে অন্যস্থানে বহন করা যায় এবং তথ্য সংগ্রহ করেও রাখা যায়।




৮। কার্ড রিডার

কার্ড-রিডারে কার্ড রাখলে কম্পিউটার কার্ডে রক্ষিত ইন্সট্রাকশনগুলো পড়ে নিয়ে সে অনুযায়ী কাজ করতে পারে। কার্ডরিডার প্রতি মিনিটে ১০০ থেকে ২০০ ক্যারেক্টার রিড করতে পারে।



৯। কি বোর্ড

কি বোর্ড হল কম্পিউটারের প্রধান ইনপুট ডিভাইস। কি বোর্ডের কি সমূহে অক্ষর, সংখ্যা বা চিহ্নসমূহ ছাপানো থাকে। কোন কিছু লিখতে হলে কি এর এক বা একাধিক কি চাপতে অথবা চেপে ধরে রাখতে হবে। কি বোর্ডে ৮৪ থেকে ১০২ টি পর্যন্ত কি আছে।

কি বোর্ড কে কানেকটিং কার্ডের মাধ্যমে সিস্টেম ইউনিটের পিছনে কি-বোর্ড পোর্টে যুক্ত করা হয়।




১০। মাউস

মাউস একটি ইনপুট ডিভাইস। এটি নাড়াচাড়া করলে মনিটরের পর্দায় একটি চিহ্ন নড়াচড়া করে। এই চিহ্নকে মাউস পয়েন্টার বলে। মাউস হতে নির্দেশ কম্পিউটারে পাঠানোর জন্য বাটন থাকে। এবং মাউসের মাঝে একটি চাকা থাকে। এই চাকা দিয়ে কোন পাতাকে ওপর নিচ উঠানামা কারার কাজে ব্যবহার করা হয়।

মাউস পয়েন্টারের অবস্থান অনুযায়ী বাটন চাপলে সে অনুযায়ী প্রোগ্রাম কাজ করে।



১১। মডেম

মডেম তথ্যকে এক কম্পিউটার থেকে অন্য কম্পিউটারে টেলিফোন ব্যবস্থার মাধ্যমে পৌঁছে দেয়। এর মাধ্যমে নেটওয়ার্কিং তথ্যাবলী আদান-প্রদান করা হয়। এটি দেখতে পেনড্রাইভের মত। এটি সহজেই বহন যোগ্য। যে কোন কম্পিউটারে এই মডেম ব্যবহার করে ইন্টারনেট কানেকশন পাওয়া যাবে।



১২। প্রিন্টার

প্রিন্টার হল কোনো ডকুমেন্ট কে Soft কপি থেকে Hard কপিত রুপান্তর করার যন্ত। এর মাধ্যমে গ্রাফ, ছবি, লেখা ইত্যাদি কাগজে ছাপানো হয়।



১৩। স্পিকার

কম্পিউটার থেকে গান শুনতে, ভিডিওর সাউন্ড শুনতে যে অডিও বক্সটি ব্যবহৃত হয় সেটি স্পীকার। এর ইনপুট জ্যাকটি কে সিস্টেমের পিছনের অবস্থিত ৩টি পাশাপাশি পোর্টের মাঝেরটিতে ঢুকালে সাউন্ড শুনা যায়।



১৪। মনিটর

মনিটর হচ্ছে ডিসপ্লে ইউনিট। কম্পিউটারে কমান্ড দেওয়া, কোন কাজের ফলাফল দেখা, ছবি, ভিডিও দেখা যায় মনিটরের মাধ্যমে। মনিটর ছাড়া কম্পিউটার কল্পনাই করা যায় না।



খ) সফটওয়্যার

Computer Software বলতে একগুচ্ছ কম্পিউটার প্রোগ্রাম, কর্মপদ্ধতি ও ব্যবহারবিধিকে বোঝায়, যার সাহায্যে কম্পিউটারে কোনো নির্দিষ্ট প্রকারের কাজ সম্পাদন করা যায়। কম্পিউটার পরিচালনা

করার জন্য এক প্রকারের সফটওয়্যার আছে যার নাম অপারেটিং সিস্টেম। যেমন- মাইক্রোসফট উইন্ডোজ।

১। উইন্ডোজ

কম্পিউটারের অপারেটিং সিস্টেমকে উইন্ডোজ বলে। মাইক্রোসফট কর্পোরেশনের বহুল ব্যবহৃত অপারেটিং সিস্টেম হচেছ মাইক্রোসফট উইন্ডোজ। এটি ডেস্কটপ বা ল্যাপটপ কম্পিউটারে ব্যাপকভাবে ব্যবহৃত হয়ে আসছে। Letest উইন্ডোজ হচ্ছে Windows 10.




২। কম্পিউটারে উইন্ডোজ সেট আপ

ডিভিডি রমে উইন্ডোজ সিডি ঢুকিয়ে অথবা উইন্ডোজ বুট করা পেনড্রাইভ পোর্টে ঢুকিয়ে কম্পিউটারে উইন্ডোজ সেট আপ দেয়া যায়। এটি প্র্যাকটিক্যালে শিখতে হয়।




৩। এম এস ওয়ার্ড

আমেরিকার বিখ্যাত মাইক্রোসফট কর্পোরেশন কর্তৃক বাজার জাতকৃত Microsoft Word কে সংক্ষেপে MS word বলে। এটি Windows এর অধীনে একটি ওয়ার্ড প্রসেসিং প্যাকেজ প্রোগ্রাম। MS word দিয়ে লেখালেখির যাবতীয় কাজ ছাড়াও বিভিন্ন ধরনের Drowing এর কাজ করা যায়। আমাদের দেশের বেশিরভাগ অফিসিয়াল কাজগুলো MS word দিয়েই করা হয়।




৪। পাওয়ার পয়েন্ট

প্রেজেন্টেশনের জন্য জনপ্রিয় সফটওয়্যার হচ্ছে মাইক্রোসফট পাওয়ার পয়েন্ট। এতে প্রতি পেজ পরিবর্তনের সময় এ্যানিমেশন দেওয়া, মিউজিক দেওয়া বা ফুলস্ক্রিনে ভিডিও ফুটেজ চালানো যায়। পাওয়ার পয়েন্টের মাধ্যমে হল ভর্তি দর্শকের সামনে প্রজেক্টর ব্যবহার করে অডিও, ভিডিও, ইমেজ ইত্যাদি সহ স্লাইড তৈরি করে প্রদর্শন করা যায়। পাঠদানের ক্ষেত্রেও পাওয়ার পয়েন্টের মাধ্যমে পাঠ উপস্থাপন করা হয়।




৫। মিডিয়া প্লেয়ার

মিডিয়া প্লেয়ার একটি কম্পিউটার প্রোগ্রাম যেটি দিয়ে মাল্টিমিডিয়া ফাইল দেখা/শোনা যায়/এটি অডিও এবং ভিডিও উভয়ই চালাতে পারে।




৬। ইন্টারনেট ওয়েব ব্রাউজার

ওয়েব ব্রাউজার হলো এমন একটি সফটওয়্যার যার মাধ্যমে ওয়েব পেইজ ওয়ার্ল্ড ওয়াইড ওয়েবে অথবা লোকাল এরিয়া নেটওয়ার্কে অবস্থিত কোন ওয়েবসাইটের যে কোন লেখা, ছবি এবং অন্যান্য তথ্যের অনুসন্ধান ডাউনলোড কিংবা দেখা যায়। উল্লেখযোগ্য ওয়েব ব্রাউজারগুলো হলো মোজিলা ফায়ার বক্স, ওপেরা, ইউ সি ব্রাউজার, ইত্যাদি।

৭। ই-মেইল

ইলেকট্রনিক মেইলকে সংক্ষেপে ই-মেইল বলা হয়। পৃথিবীর যে কোন প্রান্তে ই-মেইলের মাধ্যমে চিটি, ছবি, ভিডিও মুহুর্তের মাধ্যমে পাঠানো যায়।




৮। Internet: কম্পিউটারের গ্লোবাল নেটওয়ার্ক




৯। Webpage: বিভিন্ন তথ্যের সমন্বয়ে গঠিত পেজ।



১০। Web browser: ইন্টারনেটে প্রবেশ করার প্রোগ্রাম যেমনঃ Mozila Firebox.

১১। Browsing : তথ্য খোজা




১২। Search Engine: তথ্য খোজার প্রোগ্রাম যেমনঃ Google, Yahoo




১৩। Download: ইন্টারনেট থেকে ডকুমেন্ট, ছবি, ভিডিও সফটওয়্যার কম্পিউটারে নামিয়ে সেভ করা।




১৪। Upload: কোন ছবি, ভিডিও, বা কনটেন্ট শেয়ার করতে নির্দিষ্ট ওয়েব সাইটের মাধ্যমে ইন্টারনেটে তুলে দেয়া।




১৫। কম্পিউটার অন করা





- CPU এর Power Switch on করা
- মনিটরের Switch on করা

১৬। কম্পিউটার অফ করা

Start বাটনে Clic করে Shutdown এ Clic করা। এরপর Yes বাটনে ক্লিক করা।







১৭।File ও Folder খোলা